

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd.

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১৪৯.২০১৪-৭৬৯

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
১৯ মে ২০১৬ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মুহাম্মদ তাজুল ইসলাম, চেয়ারম্যান, কোটচাঁদপুর উপজেলা পরিষদ, বিনাইদহ-এর বিরুদ্ধে কোটচাঁদপুর থানার মামলা নং-১ তারিখ-০১/০৩/২০১৩ ধারা ১৪৩/৩৩২/৩৩৩/৩৩৬/৩৫৩/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩৭৯/৪২৭/৩০৭/১০৯/১১৪/৫০৬ (অভিযোগপত্র নং-৩৪ তারিখ-০৫/০৭/২০১৩) এবং কোটচাঁদপুর থানার মামলা নং-০৮ তারিখ-২২/১২/২০১৩ ধারা ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫/(১)(৩)/১৬/২৫, কোটচাঁদপুর থানার মামলা নং-০১ তারিখ ০৬/০১/২০১৪ ধারা ১৪৩/১৪৮/১৪৯/৪৪৮/৩৩২/৩৩৬/৪৩৫/৪২৭/১৮৭/৩৭৯/৫০৬ (অভিযোগ পত্র নং-৫১ তারিখ ২৬/০৬/২০১৬) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে ;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ মুহাম্মদ তাজুল ইসলাম, চেয়ারম্যান, কোটচাঁদপুর উপজেলা পরিষদ, বিনাইদহ-এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে বিনাইদহ জেলার কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মুহাম্মদ তাজুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।



(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১৪৯.২০১৪-৭৬৯

তারিখ : ০৫ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
১৯ মে ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন, সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৬। জেলা প্রশাসক, বিনাইদহ।
- ৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, কোটচাঁদপুর, বিনাইদহ।
- ১১। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, বিনাইদহ।
- ১২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বিনাইদহ/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কোটচাঁদপুর, বিনাইদহ।
- ১৩। জনাব মুহাম্মদ তাজুল ইসলাম, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, কোটচাঁদপুর, বিনাইদহ।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)


(লুৎফুন নাহার)
সিনিয়র সহকারী সচিব